**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 20-10-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

(১) আলোর উৎসব দীপাবলি ও শ্যামাপূজায় শক্তির আরাধনায় মেতে উঠেছে গোটা রাজ্য।

(২) মাতাবাড়িতে তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলার সূচনা করলেন মুখ্যমন্ত্রী|

(৩) প্রধানমন্ত্রী চলতি উৎসবের মরশুমে স্বদেশী পণ্য কেনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন।

(৪) জনজাতি কল্যাণ মন্ত্রী প্রকৃত দুঃস্থ পরিবারগুলিকে চিহ্নিত করে তাদের কাছে উন্নয়নমূলক প্রকল্পের সুফল পৌঁছে দেবার আহ্বান জানিয়েছেন|

*******************************************************

**Dipawali-Matabari:**

আলোর উৎসব দীপাবলি ও শ্যামাপূজায় শক্তির আরাধনায় মেতে উঠেছে গোটা রাজ্য।

আজ সন্ধ্যায় মন্দির নগরী উদয়পুরের উপকণ্ঠে মাতাবাড়ি  ত্রিপুরাসুন্দরী ধামে কল্যাণ আরতি, মশাল মিছিল ও শ্রী শ্রী মাতা ত্রিপুরা সুন্দরী মন্দিরে পূজার্চনার মধ্য দিয়ে রাজ্যভিত্তিক দীপাবলি উৎসবের সূচনা হয়েছে।

##########Matabari-Mongol Arati##########

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা মাতাবাড়িতে তিনদিনব্যাপী দীপাবলি উৎসব ও মেলার সূচনা করেন| মুখ্যমন্ত্রী তাঁর ভাষনে দীপাবলি উপলক্ষ্যে

রাজ্যবাসীর সুখ ও সমৃদ্ধি কামনা করেছেন| তিনি বলেন, ত্রিপুরা সুন্দরী মন্দির এখন ত্রিপুরার পর্যটনের অন্যতম স্তম্ভ| কল্যাণ আরতিতে তিন হাজার মাটির প্রদীপ জ্বালানো হয়েছে। এবারের দেওয়ালী পূজা হবে রাত ১০টায়। একই সঙ্গে হবে নিশি পূজা। উপস্থিত ছিলেন সাংসদ রাজীব ভট্টাচার্য, অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী প্রমূখ।

*****************************

**Packege story Matarbari:**

ত্রিপুরা সুন্দরী মন্দির শুধু ধর্মীয় নয়, এটি রাজ্যের সংস্কৃতি, ঐতিহ্য এবং স্থাপত্যের এক গুরুত্বপূর্ণ নিদর্শন। দীপাবলীর এই বিশেষ দিনে মাতারবাড়ী থেকে আমাদের প্রতিনিধি শ্যামসুন্দর দত্ত ও রাহুল লোধের একটি প্রতিবেদন....

############ V/O ############

*****************************

**Dewali-State:**

আগরতলার শ্রী শ্রী আনন্দময়ী আশ্রম ও উমামহেশ্বর মন্দির, কের চৌমুহনী কালীবাড়ি, ইন্দ্রনগরের সন্তানসংঘ কালীবাড়ি, এডি নগর কালীবাড়ি, জগহরিমুড়া আনন্দময়ী কালীবাড়ি, বিশালগড়ের কমলাসাগরের কসবেশ্বরী কালীমন্দির, অমরপুরের চন্ডীবাড়ি, কুমারঘাটের ভুবনেশ্বরী কালীবাড়ি আলোর রোশনাই'এ সেজে উঠেছে। সন্ধ্যার পর থেকে মন্দিরগুলিতে বহু পূন্যার্থীর সমাগম হয়েছে| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলায় বিভিন্ন কালী পূজা দর্শন করেন। সাংসদ বিপ্লব কুমার দেবও আজ আগরতলার বিভিন্ন পূজা মন্ডপ দর্শন করেছেন|

আলোর উৎসব দীপাবলি উপলক্ষে সেজে উঠেছে গোটা উত্তর জেলার প্রতিটি গ্রাম শহর। জেলা সদর ধর্মনগর দীপাবলি উৎসবের জন্য বিখ্যাত। ধর্মনগর শহরের বয়েজ ক্লাব, অ্যাথলেট ক্লাব, ওয়াই এম এ সি, এরিয়ান্স ক্লাব, নেতাজি ক্লাব সহ বেশ কয়েকটি ক্লাবের পুজো মন্ডপে বহু পুন্যার্থীর সমাগম পরিলক্ষিত হয়েছে|

সিপাহীজলা জেলায় কসবেশ্বরী কালী মন্দির, মেলাঘরের ভিরাম্মা কালী মন্দিরে বিকেল থেকেই মানুষের ভিড় লক্ষ্য করা যাচ্ছে।

*****************************

**Dipawali-Unakoti:**

ঊনকোটি জেলার কৈলাশহর ও কুমারঘাট দু'টি মহকুমাতেই আজ  দীপাবলি পালন করা হচ্ছে। পরম্পরাগত নিয়ম মেনে পিতৃপুরুষের উদ্দেশ্যে পুকুরে, জলাশয় ও নদীতে প্রজ্জ্বলিত বাতি ভাসিয়েছেন। গোটা জেলাজুড়েই ব্যাপক নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করেছে পুলিশ প্রশাসন।

*****************************

**Rajib Bhattacharjee:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর “ভোকাল ফর লোকাল” আহ্বানে সাড়া দিয়ে আজ খয়েরপুর বিধানসভার অন্তর্গত নন্দননগরে এক মৃৎশিল্পীর কাছ থেকে মাটির প্রদীপ সংগ্রহ করলেন সাংসদ রাজীব ভট্টাচার্য্য। তিনি জানান, শ্রী মোদী স্থানীয় শিল্প ও শিল্পীদের পাশে দাঁড়ালে দেশীয় অর্থনীতি আরও শক্তিশালী হবে এবং ঐতিহ্যবাহী হস্তশিল্প চর্চায় নতুন প্রাণ সঞ্চার হবে। তিনি রাজ্যবাসীকে দীপাবলির শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

*****************************

**Blood donation-Mayor:**

দীপাবলি উপলক্ষ্যে আজ টাউন প্রতাপগড়ের মাস্টারপাড়াস্থিত ফ্রেন্ডশিপ প্লে সেন্টারের উদ্যোগে এক রক্তদান শিবির অনুষ্ঠিত হয় ।উদ্বোধন করেন আগরতলা মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার। শ্রী মজুমদার বলেন রক্তদান শুধু একটি মহৎ কাজই নয় সামাজিক দায়বদ্ধতার প্রতিফলন।

*****************************

**PM - LOCAL FOR VOCAL:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী চলতি উৎসবের মরশুমে স্বদেশী পণ্য কেনার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। শ্রী মোদী উৎসব মরশুমে দেশবাসী যে যে পণ্য কিনছেন তা সামাজিক মাধ্যমে শেয়ার করার অনুরোধ জানিয়েছেন| 'মাই গভঃ ইন্ডিয়া' এক পোস্টের জবাবে তিনি ভারতীয় পণ্য কেনার প্রয়োজনীয়তার কথা তুলে ধরে এই ঘোষণা করতে বলেন- "গর্বের সঙ্গে বলুন এই পণ্য স্বদেশে তৈরি"- এই ঘোষণা করতে অনুরোধ জানিয়েছেন|।

উল্লেখ্য, 'মাই গভঃ ইন্ডিয়া' দেশ জুড়ে একটি বিশেষ প্রচার অভিযানের সূচনা করেছে, যার নাম দেওয়া হয়েছে- 'দীপাবলি উদ্‌যাপন করুন, স্বদেশী পণ্যকে উৎসাহিত করুন'।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং

ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**Tribal Welfare Minister:**

জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন, জনজাতিদের বিকাশে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্মিলিত উদ্যোগের ফলেই আজ ত্রিপুরা জাতীয় পর্যায়ে স্বীকৃতি অর্জন করেছে। এই সাফল্য শুধু প্রশাসনের নয়, সমস্ত সরকারি আধিকারিক ও কর্মীদের কঠোর পরিশ্রম ও একনিষ্ঠতার ফসল। আজ চাকমাঘাট কমিউনিটি হলে কৃষ্ণপুর মণ্ডল জনজাতি মোর্চা আয়োজিত এক আলোচনা সভায় তিনি একথা বলেন উল্লেখ্য, দুটি জনকল্যাণমূলক প্রকল্প PM-JANMAN এবং Dharti Aaba Janbhagidari Abhiyan— এর সফল বাস্তবায়নে সাফল্যের জন্য ত্রিপুরা জাতীয় পুরস্কার পেয়েছে শ্রী দেববর্মা আরও বলেন, মুখ্যমন্ত্রী রাবার মিশন প্রকল্পের মাধ্যমে প্রত্যন্ত গ্রামীণ ও জনজাতি অধ্যুষিত এলাকার গরীব মানুষের অর্থনৈতিক ও সামাজিক মান উন্নয়নের জন্য রাজ্য সরকার কাজ করছে। প্রকৃত দুস্থ পরিবারগুলিকে চিহ্নিত করে তাদের কাছে এই প্রকল্পের সুফল পৌঁছে দেবার আহবান জানান তিনি। সভায় বক্তব্য রাখেন কৃষ্ণপুর মণ্ডল সভাপতি ধনঞ্জয় দাস, খোয়াই জেলা সংখ্যালঘু মোর্চার সভাপতি রশিদ মিয়া প্রমুখ।

*****************************

**PM Dipawali:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, তিন প্রতিরক্ষা বাহিনীর অসাধারণ সমন্বয়, অপারেশন সিন্দুর চলাকালীন পাকিস্তানকে আত্মসমর্পণ করতে বাধ্য করেছিল। ভারতীয় সশস্ত্র বাহিনীর সাথে দীপাবলি উদযাপনের তাঁর বার্ষিক ঐতিহ্য বজায় রেখে, শ্রী মোদি আজ গোয়া এবং কারওয়ার উপকূলে আইএনএস বিক্রান্তে নৌবাহিনীর জওয়ানদের সাথে আলোর উৎসব উদযাপন করেছেন। শ্রী মোদী বলেন, আইএনএস বিক্রান্ত, যা ভারতের প্রথম দেশীয় বিমানবাহী রণতরী, ভারতের সশস্ত্র বাহিনীর সক্ষমতা প্রতিফলিত করে। প্রধানমন্ত্রী বলেন, আইএনএস বিক্রান্ত হল আত্মনির্ভর ভারত এবং মেড ইন ইন্ডিয়ার বিশাল প্রতীক।

########## PM Byte ##########

প্রধানমন্ত্রী নিরাপত্তা বাহিনীর বীরত্ব ও সংকল্পের প্রশংসা করে বলেন, এর ফলে দেশ মাওবাদী সন্ত্রাস নির্মূল করে একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জন করেছে। প্রধানমন্ত্রী বলেন, তিনি ভাগ্যবান যে নৌবাহিনীর জওয়ানদের সাথে পবিত্র দীপাবলি উৎসব উদযাপন করছেন।

*****************************

**Earthquake:**

আজ ভোর ৫টা ৫৪ মিনিটে আসামের নলবাড়িতে ৩.২ রিখটার স্কেলের ভূমিকম্প অনুভূত হয়। ন্যাশনাল সেন্টার ফর সিসমোলজির মতে, ভূমিকম্প ১৩ কিলোমিটার গভীরে আঘাত হানে। গত শনিবার সকালেও আসামে রিখটার স্কেলে ২.৭ মাত্রার ভূমিকম্প আঘাত হানে। ভূমিকম্পটি কাছাড় জেলায় ১০ কিলোমিটার গভীরে আঘাত হানে।

*****************************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হাল্কা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৪.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস।

*****************************

*****************************